দৈনিক বাংলা

তারিখ ... 28 AUG 1988 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 4 ...

063

# শিক্ষকদের সমস্যা সমাধানে সব কিছু করা হবেঃ এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ দেশের শিক্ষক সম্প্রদায়ের সমস্যাবলী ও অভাব অভিযোগের প্রতি নজর দেয়ার উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক একটি কমিটি গঠন অনুমোদন করেছেন। খবর বাসসের।

শনিবার বঙ্গভবনে অনুষ্ঠিত

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের

(১ম পৃঃ পর)

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নির্বাহী কমিটির এক বৈঠকে শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনার পর প্রেসিডেন্ট এই অনুমোদন দেন।

প্রেসিডেন্ট এরশাদ শিক্ষকদের ঐক্যের ওপর গুরুত্ব আরোপ করেন। উল্লেখ্য তিনি এই ফেডারেশনের চেয়ারম্যান। ফেডারেশনের তৎপরতা জোরদার করার লক্ষ্যে বৈঠকে একটি সাংগঠনিক পরিকল্পনা অনুমোদিত হয়।

বৈঠকে ফেডারেশনের ঢাকা নগর কমিটি ভেঙ্গে দেয়ার সিদ্ধান্ত অনুমোদিত ও একটি নতুন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটিকে আরো শক্তিশালী করাই এর উদ্দেশ্য।

বৈঠকে আলোচনাকালে প্রেসিডেন্ট শিক্ষকদের সমস্যাবলী সমাধানে সরকারের সম্ভব সব ধরনের সাহায্যের আশ্বাস দেন।

এর আগে, ফেডারেশনের অস্থায়ী মহাসচিব জনাব এ কে এম শহীদুল্লাহ শিক্ষকদেরকে ফেডারেশনের অধীনে ঐক্যবদ্ধ করা তাদের সমস্যাবলী সমাধানের চেষ্টার জন্য প্রেসিডেন্ট এরশাদকে অভিনন্দন জানান।

উপ-প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমেদ এবং শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বৈঠকে উপস্থিত ছিলেন।